

Subject : Bengali Grammar  
Topic : বাক্য, বোধ পরীক্ষণ

Date : 22.04.2020

- ১) বাক্য কী? দুটি উদাহরণ লেখো।
- ২) নীচের শব্দ গুলি দিয়ে বাক্য রচনা কর।
  - ক) উপকার
  - খ) পাহাড়
  - গ) চিতাবাগ
- ৩) শব্দগুলিকে ঠিকমত সাজিয়ে বাক্য গঠন করো।
  - ক) ফলায় অনেক মাঠে চাষীরা ফসল।
  - খ) গান গায় লতা ও আশা।
  - গ) আঁকে ছবি দাদা।
  - ঘ) সেলাই করছে ঘরে মা।
  - ঙ) চললেন ঘোড়ায় শিকারে চড়ে মহিম।
  - ৪) যেটি বাক্য তার পাশে (ঠিক) এবং যেটি বাক্য নয় তার পাশে (ভুল) লেখ।
    - ক) সূর্য পশ্চিমদিকে অস্ত যায়।
    - খ) পরিবেশ অনেক গ্রামের আমাদের আরামদায়ক।
    - গ) রাম পুকুরে সাঁতার কাটে।
    - ঘ) যায় নমিতা ও সুমিতা স্কুলে রোজ।
    - ঙ) মেয়েটি চমৎকার গান গায়।
  - ৫) নীচের অংশটি পড়ে উত্তর লেখো।

পিপাসায় কাতর এক হরিণ হুদে জল খাচ্ছিল। জল খেয়ে শান্ত হয়ে হুদে সে নিজের ছায়া দেখতে পেলো। বিরাত আঁকাবাঁকা শিং - এর ছায়া দেখে তার মনটা গর্বে ভরে উঠলো। হঠাৎ তার চোখ পড়ল নিজের সরু সরু পায়ের দিকে। খুব লজ্জা পেল হরিণ।

এমন সময় কোথা থেকে এক সিংহ এসে উপস্থিত। প্রাণ ভয়ে হরিণ ছুটতে থাকলো। সিংহও তাকে ধাওয়া করতে থাকল। হঠাৎ এক ঝোপের মধ্যে হরিণের শিং গেলো আটকে আর সিংহ তাকে ধরে ফেলল। বড় দেরীতে হরিণ বুঝতে পারলো যে পাগুলো দেখে সে লজ্জা পেয়েছিল, সেগুলি ছিল তার বিপদের সহায়, আর যে শিং ছিল তার গর্বের ধন সেটিই হল তার মৃত্যুর কারণ।

- ক) হরিণ কোথায় জল খাচ্ছিল?
- খ) কি দেখে সে লজ্জা পেয়েছিল?
- গ) অর্থ লেখ : গর্ব।
- ঘ) শূন্যস্থান পূরণ কর।

হঠাৎ এক \_\_\_\_\_ মধ্যে হরিণের \_\_\_\_\_ গেল আটকে।

- ঙ) বিপরীত শব্দ লেখ : শান্ত।
- চ) বাক্য রচনা কর : উপস্থিত।